

এক নজরে

সিএনজি বাসকে অগ্রাধিকার

▶▶ ডিজেলের টানা মূল্যবৃদ্ধির
পরিপ্রেক্ষিতে বাসমালিকদের
সমস্যা মেটাতে সিএনজি চালিত
বাসকে অগ্রাধিকার দিতে চায়
রাজ্য সরকার। ডিজেলচালিত
বাসে বিশেষ কিট ব্যবহার করে
সেটিকে কী ভাবে সিএনজি চালিত
বাসে রূপান্তরিত করা যায়, তা
নিয়ে খোঁজ-খবর শুরু করেছে
রাজ্য। খুব তাড়াতাড়ি পরীক্ষামূলক
ভাবে ওই ব্যবস্থা চালু করতে চায়
তারা। বৃথবার কসবায় পরিবহণ
ভবনে ‘সিটি সাবার্বান বাস
সার্ভিস’-এর টিটু সাহা এবং ‘অল
বেঙ্গল বাস মিনিবাস সার্ভিস’-এর
রাহুল চট্টোপাধ্যায়ের সঙ্গে সাক্ষাৎ
করেন পরিবহণমন্ত্রী ফিরহাদ
হাকিম। সেখানেই তিনি সিএনজি
চালিত বাস নিয়ে সরকারি ভাবনার
বিষয়ে জানান। আশ্বাস দেন,
বাসমালিকদের সমস্যার কথা
গুরুত্ব দিয়ে বিবেচনা করছে রাজ্য।
দীর্ঘ লকডাউনে বাসমালিকদের
আর্থিক পরিস্থিতির অবনতি
হওয়ায় তাঁরা সরকারের কাছে
বিশেষ ঋণের দাবি জানিয়েছেন।
বাণিজ্যিক ব্যাঙ্কগুলি যাতে ঋণের
কিস্তিতে সাময়িক ছাড় দেয়, তা
দেখার দাবিও তুলেছেন।

জ্বালানির খরচ কমাতে উদ্যোগ এসবিএসটিসির প্রতিদিন বাস ছুটবে গ্যাস-ডিজলে, চলছে পরীক্ষা

নব্যেন্দু হাজারা

জ্বালানির খরচ কমাতে এবার ডুয়েল ফ্যুয়েলে বাস চালানোর ভাবনা দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগম বা এসবিএসটিসির। মানে কিছুটা ডিজেল আর কিছুটা সিএনজি। এই দুইয়ের সংমিশ্রণেই চলবে বাস। যার ফলে একদিকে যেমন খরচ অনেকটাই কমবে, সেই সঙ্গে কমবে পরিবেশ দূষণও। তবে আপাতত একটি বাসকে ডিজেলের থেকে 'ডুয়েল ফ্যুয়েলে' বদলানোর পরিকল্পনা নেওয়া হয়েছে। সেটির কাজও চলছে বেলঘরিয়া ডিপোয়। সেই কাজ যদি ঠিকঠাক হয় সেক্ষেত্রে ভবিষ্যতে এই পদ্ধতিতে সরকারি এবং বেসরকারি, দুই বাসই চালানোর ব্যাপারে সিদ্ধান্ত হতে পারে। সেক্ষেত্রে বাস চালানোর খরচ বেশ কিছুটা কমবে বলেই মনে করছেন পরিবহণ দফতরের কর্মীরা। আর ভাড়া বাড়ানোর দাবিও

বারবার উঠবে না। একইসঙ্গে একটি এসবিএসটিসির এবং দু'টি পশ্চিমবঙ্গ পরিবহণ নিগমের পুরনো বাসকে সিএনজিতে কনভার্ট করার কাজ চলছে। কসবা ডিপোয় এই বাসের ইঞ্জিনের বদল হচ্ছে। পরিবহণ দফতরসূত্রে খবর, সাধারণ ডিজেল চালিত বাসের ইঞ্জিনকে ডুয়েল ফ্যুয়েলে বদলাতে লাখ দেড়েক টাকা খরচ পড়বে। একটি বেসরকারি সংস্থা এটা করছে। যারা অন্য রাজ্যেও এই কাজটা করছে। যদি ডুয়েল ফ্যুয়েলে বাস চালানো যায় সেক্ষেত্রে এখন যে দুরত্ব যেতে হাজার টাকা খরচ হয়, তা কমে সাতশো টাকা হয়ে যাবে বলেই মনে করা হচ্ছে। কিন্তু কীভাবে কাজ করবে এটি? পরিবহণ দফতরের এক কর্মী জানান, বাসের মধ্যে একটা ডুয়েল ফ্যুয়েল কিট লাগানো হবে। সঙ্গে একটা সিএনজি ট্যাংক থাকবে। ট্যাংক থেকে পাইপলাইন দিয়ে গ্যাসটা ওই ডুয়েল ফ্যুয়েল কিটে যাবে। সেখানে আসবে

ডিজেলও। দুটোর মিশ্রণ সেখানে হয়েই তা ইঞ্জিনে পৌঁছেবে। ৬০ শতাংশ ডিজেল ৪০ শতাংশ সিএনজির মিশ্রণ হবে। ইতিমধ্যেই এসবিএসটিসির ডাব্রুবি ৩৯এ/৭০১৩ বাসটিকে এই নয়া পদ্ধতিতে চালানোর মতো করে তৈরি করা হচ্ছে। একই সঙ্গে সিএসটিসি দু'টি এবং এসবিএসটিসি একটি বাসকে ডিজেল ইঞ্জিন থেকে ডেডিকেটেড ইঞ্জিনে বা সিএনজিতে রূপান্তর করার প্রক্রিয়া শুরু হয়েছে। তবে এগুলো সবই পরীক্ষামূলক বলেই জানাচ্ছেন নিগমের কর্মীরা। তাঁদের কথায়, যেভাবে জ্বালানির দাম দিনদিন বাড়ছে তাতে বিকল্প উপায় ভাবা ছাড়া কোনও উপায় নেই। সরকারি নিগম বেসরকারি বাস মালিকরা প্রত্যেকেই ভুক্তভোগী। তাই নানারকমভাবে জ্বালানির খরচ বাঁচিয়ে বিকল্প উপায়ে বাস চালানোর পরিকল্পনা নেওয়া হচ্ছে, যদি তা সফল হয় সেক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের টেস্টিং

এজেন্সির ছাড়পত্রের জন্য পাঠানো হবে। তবে এই বিকল্প উপায় পরিবেশবান্ধব হবে। কারণ, তাতে ডিজেল পুড়বে। ইতিমধ্যেই ৬০টি সিএনজি চালিত বাস আসানসোল-দুর্গাপুরে চালাচ্ছে। এসবিএসটিসি। নিগমের এমডি গোদালা কিরণকুমার বলেন, "জ্বালানির খরচ কমাতে পরিবহণ দফতরের নির্দেশেই একটা বিকল্প উপায়ে মানে ডুয়েল ফ্যুয়েল কিটের মাধ্যমে বাস চালানোর পাইলট প্রোজেক্ট নেওয়া হয়েছে। তাইই কাজ চলছে।" অল বেঙ্গল বাস মিনিবাস সমন্বয় সমিতির সাধারণ সম্পাদক রাহুল চট্টোপাধ্যায় বলেন, "জ্বালানির খরচ বাঁচাতে বিকল্প উপায় বেরোক, আমরাও চাই। তাতে সরকারি-বেসরকারি পরিবহণ উভয়ই লাভবান হবে। কিন্তু সেটা তো একটা সময়সাপেক্ষ ব্যাপার। তার আগে বাস শিল্পটাকে বাঁচাতে সরকারের কিছু ভাবা উচিত।"

Bengal to roll out dual fuel engine govt buses soon

SUBHENDU MAITI
KOLKATA, 27 JULY

The state transport department for the first time is all set to run three government buses fitted with compressed natural gas (CNG) and dual fuel engines respectively soon.

Two diesel-run buses under the West Bengal Transport Corporation (WBTC) undergoing structural changes at WBTC Kasba depot for CNG conversion process will hit the road while the other fleet of the South Bengal State Transport Corporation (SBSTC) will also dual fuel engine within couple of weeks.

The three fleets will be plying through different roads in the city on trial basis first and then carry passengers after getting clearance from agencies

» CNG burns cleaner as compared with traditional petrol and diesel-run cars and buses. It also drastically reduces emission levels of both carbon monoxide and hydrocarbons.

» A dual fuel engine combined with 60% diesel and 40% CNG also enables to use clean burning.

» Both CNG and dual fuel kit are economically viable saving the fuel costs to the extent 25% to 30% for a bus operator.

authorized by the Centre. CNG burns cleaner as compared with traditional petrol and diesel-run cars and buses. It also drastically reduces emission levels of both carbon monoxide and hydrocarbons.

A dual fuel engine combined with 60 percent diesel and 40 percent CNG also enables to use clean burning.

Both CNG and dual fuel kit are economically viable sav-

ing the fuel cost between 25 to 30 percent for a bus operator. "After the successful trial run of the two buses converted to CNG we will operate them to carry passengers. CNG buses environment friendly and economically viable for operators. Gradually, more buses will be converted to CNG-operated fleets. CNG filling stations will come up at depots run by our corporation,"

said a senior WBTC official. Sources at the SBSTC said a private automobile agency in the city has been engaged to install dual fuel kit worth about Rs1.50 lakh on a bus from the Belghoria depot under the corporation. "The bus will be converted to dual fuel engine by the agency. We will operate it on trial run after the conversion," a SBSTC official said.

"We welcome the alternative move but it should have happened much earlier. It will take time to make infrastructure arrangements like setting up of CNG filling stations for conversion of both diesel-run public and private buses. By this time the private bus operators and their staff will suffer badly because of regular financial loss we are facing

because of alarming rise in petrol prices amidst this pandemic," said Rahul Chatterjee, secretary of All Bengal Bus Minibus Samanway Samiti. "The state government should also consider our additional financial of around five lakh rupees required to convert a diesel-run private bus to a dedicated CNG-operated vehicle," Chatterjee added.

CNG burns cleaner as compared with traditional petrol and diesel-run cars and buses. It also drastically reduces emission levels. A dual fuel engine combined with 60 percent diesel and 40 percent CNG also enables to use clean burning. Both CNG and dual fuel kit are economically viable saving the fuel costs to the extent 25 to 30 percent for a bus operator.



CMYK

The statesman

The Statesman

Wed, 28 July 2021

<https://epaper.thestatesman.com/c/62098181>

